

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ২৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ মাঘ ১৪২৩ বঙ্গাব্দ/২৫ জানুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর-০৮.০০.০০০০.৪২১.৫৩.০৮৮.১৭.০২৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের
১১৮(১) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে নিবন্ধিত রাজনৈতিক দলসমূহের সঙ্গে অনুষ্ঠিত রাষ্ট্রপতির
আলোচনার পরিপ্রেক্ষিতে প্রধান নির্বাচন কমিশনার বা অন্য কোন নির্বাচন কমিশনার নিয়োগের লক্ষ্যে
রাষ্ট্রপতির নিকট সুপারিশ প্রদানের জন্য নিম্নোক্তথিত ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি অনুসন্ধান কমিটি গঠন
করা হইল:

অনুসন্ধান কমিটি

- (ক) বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন, সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারক;
- (খ) বিচারপতি জনাব ওবায়দুল হাসান, সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারক;
- (গ) চেয়ারম্যান, সরকারী কর্ম কমিশন;
- (ঘ) বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক;
- (ঙ) সৈয়দ মনজুরুল ইসলাম, অধ্যাপক, ইংরেজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; এবং
- (চ) ড. শিরীণ আখতার, প্রো-ভিসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

(৮৮৭)
মূল্য : টাকা ৮.০০

কার্যপরিধি ও কর্মপদ্ধতি :

১. উপরের দফা (ক)-এ উল্লিখিত প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত সুপ্রীম কোর্টের আগীল বিভাগের বিচারক অনুসন্ধান কমিটির আহ্বায়ক হইবেন।
২. মন্ত্রিপরিষদ বিভাগ অনুসন্ধান কমিটির কার্যসম্পাদনে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করিবে।
৩. ৩ (তিনি) জন সদস্যের উপস্থিতিতে অনুসন্ধান কমিটির কোরাম গঠিত হইবে।
৪. অনুসন্ধান কমিটি ন্যূনপক্ষে একজন নারীসহ প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য নির্বাচন কমিশনার নিয়োগে সুপারিশ প্রদানের উদ্দেশ্যে সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠের সিদ্ধান্তের ভিত্তিতে প্রতিটি শূন্য পদের বিপরীতে ২ (দুই) জন ব্যক্তির নাম সুপারিশ করিবে এবং সিদ্ধান্তের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী সদস্যের নির্ণয়ক সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা থাকিবে।
৫. অনুসন্ধান কমিটি সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।
৬. গঠনের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে অনুসন্ধান কমিটি ইহার সুপারিশ রাষ্ট্রপতির নিকট পেশ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd